আজকের কাগজ

তারিখ ... 18 NOV 1994 ....
পৃষ্ঠা ৩ কলাম ৫

14

# অধ্যাপক ক্রম্যান স্থপতি ইনস্টিটিউটের সম্মানী সদস্যপদ পেয়েছেন

বাংলাদেশ স্থাপত্য শিক্ষাক্রম প্রচলনের পথিকৃত আমেরিকান অধ্যাপক স্থপতি রিচার্ড এডুইন ক্রম্যান ৭৪, সম্প্রতি তার আমেরিকান প্রবাসী ছাত্রদের সহযোগিতায় এবং বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের আতিথেয়তায় এক সংক্ষিপ্ত সফরে ঢাকায় এসে পৌছেছেন। এই উপলক্ষে বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট গত ১৩ নভেম্বর ঢাকা ক্লাব সুইমিং পুল অংগনে একটি মনোজ্ঞ সংবর্ধনার আয়োজন করে। স্থাপত্য অনুষদের প্রথম প্রধান ও ডীন এবং স্থাপত্য শিক্ষাক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্যে ইনস্টিটিউট-এর স্বীকৃতি স্বরূপ তাঁকে প্রথম আজীবন সদস্যপদ প্রদান করে শ্রদ্ধা জানায়। ইনস্টিটিউটের সভাপতি স্থাপতি রবিউল হুসাইন তাকে সুদৃশ্য পদক ও সম্মাননাপত্র প্রদান করে বলেন যে, তাঁর মতো একজন নিবেদিত প্রাণ ও আদর্শ শিক্ষক ছাত্রদের মনে চিরকাল বেঁচে থাকবে। সাধারণ সম্পাদক স্থপতি সামসুল ওয়ারেস সম্মাননাপত্র পাঠ করেন। সংবর্ধনার উত্তরে অধ্যাপক ক্রম্যান আবেগাপ্লুত কণ্ঠে আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন যে, এই দিন তার জীবনের অন্যতম স্মরণীয় দিন হয়ে থাকবে। তিনি স্থাপতিদের স্থাপত্য-নক্সায় দেশ, পরিবেশ, সমাজ ও মানুষের আকাঙ্খাকে ফুটিয়ে তোলার আহবান জানান। বিপুল সংখ্যক স্থপতি-সদস্যের উপস্থিতিতে অনুষ্ঠান শেষে নৈশভোজে সবাইকে আপ্যায়ন করা হয়। খবর বিজ্ঞপ্তি।